

## 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪০৭

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬) জামাআতে নামায আদায় করার প্রতি উদ্বুদ্ধ করন এবং ঐ ব্যক্তির বর্ণনা যে জামাআতে নামায পড়ার উদ্দেশ্যে বের হয়েছে কিন্তু গিয়ে দেখলো, লোকেরা নামায পড়ে ফেলেছে

الترغيب في صلاة الجماعة وما جاء فيمن خرج يريد الجماعة فوجد الناس قد صلوا

আরবী

(صحيح) و عَنْ عُثْمَانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَنْ تَوَضَّاً فَأَسْبَغَ الْوُضُوءَ ، ثُمَّ مَشَى إِلَى صَلاَةٍ مَكْتُوبَةٍ فَصَلاَّهَا مَعَ الإِمَامِ ، غُفِرَ لَهُ ذَنْبُهُ.(رواه ابن خزيمة في صحيحه)

বাংলা

80৭. (সহীহ্) উসমান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি শুনেছি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একথা বলেনঃ ''যে ব্যক্তি ওযু করে এবং ওযুকে পরিপূর্ণভাবে সম্পাদন করে। অতঃপর ফরয নামায আদায় করার উদ্দেশ্যে মসজিদে চলে, তারপর ইমামের সাথে নামায আদায় করে, তাহলে তার গুনাহ ক্ষমা করে দেয়া হয়।''

(ইবনে খুযায়মা ২/৩৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন